

যুগান্তর

প্রিন্ট: ০৪ মে ২০২৫, ০৭:৩৮ এএম

ক্যাম্পাস

রাবি ভিসির আশ্বাসে শিক্ষার্থীদের আন্দোলন স্বগিত



রাবি প্রতিনিধি

প্রকাশ: ০১ মে ২০২৫, ০৯:৫৭ পিএম



ছবি: যুগান্তর

রাজশাহী বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের (রুয়া) কার্যনির্বাহী কমিটির নির্বাচন স্থগিতের প্রতিবাদে আন্দোলনকারীরা (সাবেক শিক্ষার্থী) ভিসির আশ্বাসে অবস্থান কর্মসূচি স্থগিত করেছে।

আগামীকাল শুক্রবারের মধ্যে নতুন করে অ্যাডহক কমিটি গঠন ও নির্বাচন কমিশনের কাজ শুরু করার আশ্বাসে তারা অবস্থান কর্মসূচি থেকে সরে আসেন। তবে আগামীকালকের মধ্যে কমিটি গঠন নাহলে আবারও আন্দোলনে যাওয়ার হুঁশিয়ারি দেন আন্দোলনকারীরা।

জানা গেছে, ১০ মে রুয়ার নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু গঠনতন্ত্র লঙ্ঘনের অভিযোগ তুলে নির্বাচন বর্জন করেন জাতীয়তাবাদে বিশ্বাসী সাবেক শিক্ষার্থীরা। গতকাল ব্যক্তিগত কারণ দেখিয়ে রুয়া নির্বাচন কমিশনের প্রধান কমিশনার পদত্যাগ করেন। বুধবার গভীর রাতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ইফতিখারুল আলম মাসউদের বাসভবনে ককটেল হামলার ঘটনা ঘটে।

এরপরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার দুপুরে রুয়া নির্বাচন স্থগিতের সিদ্ধান্ত ঘোষণা করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এই সিদ্ধান্তের প্রতিবাদে সাবেক শিক্ষার্থী ও ছাত্রশিবিরের নেতাকর্মীরা বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪টার দিকে উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করেন। বিকাল পৌনে ছয়টার দিকে বিক্ষোভকারীদের একটি প্রতিনিধি দল উপাচার্যের সঙ্গে আলোচনার জন্য বাসভবনের ভেতরে প্রবেশ করে। পরে সন্ধ্যা সোয়া ৭টার দিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ প্রশাসনের কর্তাব্যক্তির বাইরে এসে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন।

আন্দোলনকারী শিক্ষার্থীদের উদ্দেশে ভিসি প্রফেসর ড. সালেহ হাসান নকীব বলেন, ‘আমি ওয়াদাভঙ্গকারী নই। যে কথা আমি রাখতে পারব না, সেই কথা বলব না। বিধিমালার বাইরে কোনো কাজ করব না। আগামীকালকের মধ্যে অ্যাডহক কমিটি গঠন ও নির্বাচন কমিটির কাজ শুরু করব।’

তিনি বলেন, ‘এমন কোনো অ্যাডহক কমিটি করব না যার জন্য আমাদের আবার ধাক্কা খেতে হয়। এমন অ্যাডহক কমিটি ও নির্বাচন কমিশন গঠন করব, যেন নৈতিকতা ও মেরুদণ্ড নিয়ে প্রশ্ন না ওঠে।’

রাবি শাখা ইসলামী ছাত্রশিবিরের সভাপতি মোস্তাকুর রহমান জাহিদ বলেন, ‘উপাচার্যের আশ্বাসে আজকে আন্দোলন স্থগিত করা হয়েছে। কালকের মধ্যে অ্যাডহক কমিটি নাহলে আবার একইস্থানে আন্দোলন শুরু করার ইঁশিয়ারি উচ্চারণ করেন। একইসঙ্গে সবাইকে আন্দোলনের জন্য প্রস্তুত থাকার আহ্বান জানান তিনি।’